

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বিরামপুর, দিনাজপুর।

স্মারক নং-৩২.০১.২৭১০.০০০.১৪.০০৯.২০২৩- ১৭৭

তারিখ: ০৬.০৮.২০২৩খ্রি.

বিষয়: মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের ভাতাভোগী নির্বাচন প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ৩২.০১.০০০০.০১২.০১২.৬৮.২০-২৯১ তারিখ: ০১.০৮.২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের জুলাই-২০২৩ খ্রি. মাস হতে পৌরসভা ও ইউনিয়নের ভাতাভোগী নির্বাচনের নির্দেশনা পাওয়া গেছে। সে অনুযায়ী অত্র উপজেলার পৌরসভা ও ইউনিয়ন ওয়ারি বিভাজন তালিকা সংযুক্ত করা হলো। উল্লেখ্য উক্ত বিভাজন অনুযায়ী পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে আবেদন গ্রহন প্রতি মাসের ১-২০ তারিখের মধ্যে পৌরসভা ও ইউনিয়নের ডিজিটাল সেন্টারে নির্ধারিত ৪০ (চল্লিশ) টাকা ফি প্রদানের বিনিময়ে আবেদন সম্পন্ন করতে হবে এবং প্রাপ্ত আবেদন ২০-২৫ তারিখের মধ্যে পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য পরিবার পরিকল্পনা ও পরিবার পরিকল্পনা দপ্তরের সাথে নিম্নোক্ত তথ্য আবশ্যকীয়ভাবে যাচাই বাছাই পূর্বক প্রাপ্ত প্রাথমিক তালিকা অনলাইনে প্রেরণসহ আবেদনের হার্ডকপি, স্বাক্ষরিত তালিকার প্রিন্টকপি, পৌরসভা ও ইউনিয়ন কমিটির সভার রেজুলেশনসহ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২০২৩-২০২৪ অর্থবছরের পৌরসভা ও ইউনিয়ন ওয়ারি মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগী মাসিক বিভাজন

ক্র: নং	পৌরসভা/ ইউনিয়নের নাম	মাস ওয়ারি কার্ড সংখ্যা	মন্তব্য
০১.	বিরামপুর পৌরসভা	১৩ জন	
০২.	১নং মুকুন্দপুর ইউপি	০৬ জন	
০৩.	২নং কাটলা ইউপি	০৬ জন	
০৪.	৩নং খানপুর ইউপি	০৬ জন	
০৫.	৪নং দিওড় ইউপি	০৬ জন	
০৬.	৫নং বিনাইল ইউপি	০৬ জন	
০৭.	৬নং জোতবানী ইউপি	০৬ জন	
০৮.	৭নং পলিপ্রয়াগপুর ইউপি	০৬ জন	

শর্তাবলী:

১. আবেদন করার সময় আবেদনকারী ০৪-০৬ মাসের গর্ভাবস্থায় থাকবেন।
২. এন.আই.ডি কার্ড (জাতীয় পরিচয় পত্র)।
৩. আবেদনকারীর অবশ্যই ২০-৩৫ বছর বয়স হতে হবে।
৪. আবেদনকারী অবশ্যই প্রথম ও দ্বিতীয় গর্ভাবস্থা হতে হবে।
৫. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা/ পরিবার পরিকল্পনা দপ্তর প্রদত্ত এ.এন.সি কার্ড (এন্টি নেটাল কেয়ার কার্ড)।
৬. নিজ নামে নিবন্ধিত মোবাইল থাকতে হবে।
৭. নিজস্ব মোবাইল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং/অনলাইন ব্যাংক একাউন্টসহ আবেদন করবেন।

স্বাক্ষর/চেয়ারম্যান

বিরামপুর, দিনাজপুর।

সংযুক্ত: ভাতাভোগী নির্বাচন নির্দেশনা পত্র।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর।
- ৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর।
- ৫। উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
- ৬। অফিস কপি।

০৬.০৮.২০২৬
মোশাররত জাহান
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বিরামপুর, দিনাজপুর।